

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৯১০০.০১৭.২৭.০০৩.১৬- ৪৭২

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৮
০৭ জুন, ২০২১

প্রজ্ঞাপন


যেহেতু, সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার ০৮নং দশঘর ইউনিয়ন পরিষদের ০৫নং ওয়ার্ডের সদস্য জনাব মো: সায়েস্তা মিয়া ০৫/০৭/২০০৯ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত বহিঃবাংলাদেশ গমন করে অদ্যাবধি পরিষদে সভায় অনুপস্থিত থাকায় জেলা প্রশাসক, সিলেট এর প্রস্তাব মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১৫/১০/২০২০ তারিখে ১১০০ নং স্মারকে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। একই সাথে কেন তাকে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে এ বিভাগের প্রেরণের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার ০৮নং দশঘর ইউনিয়ন পরিষদের ০৫নং ওয়ার্ডের সদস্য জনাব মো: সায়েস্তা মিয়াকে কারণ দর্শানোর প্রেক্ষিতে নিজে জবাব প্রদান না করায় জেলা প্রশাসক, সিলেট বর্ণিত ইউনিয়ন পরিষদের সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (ক) ও (জ) ধারা মোতাবেক তার বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন;

সেহেতু সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার ০৮নং দশঘর ইউনিয়ন পরিষদের ০৫নং ওয়ার্ডের সদস্য জনাব মো: সায়েস্তা মিয়াকে-কে জনস্বার্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪ (৪) (ক) ও (জ) ধারার অপরাধে তাকে স্থায়ী পদ হতে অপসারণ করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ, সিলেট স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মো: আবুজাফর রিপন পিএএ)

উপসচিব

৯৫৮৬৬০৫


Email:lgup@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৯১০০.০১৭.২৭.০০৩.১৬- ৪৭২

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৮
০৭ জুন, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। জেলা প্রশাসক, সিলেট।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ, সিলেট।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। জনাব মো: সায়েস্তা মিয়া, ইউপি সদস্য, ০৫নং ওয়ার্ড (অপসারণকৃত), ০৮নং দশঘর ইউনিয়ন পরিষদ, বিশ্বনাথ, সিলেট।
- ০৮। অফিস কপি।


(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব